বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৪-৯৫

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ মে ২০২৫ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব ডি.এম. অহিদুননবী রাতিন (পরিচিতি নং-৯২০১১১০০১), জুনিয়র অডিটর, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র বিরুদ্ধে বিগত ২০/১০/২০২২ খ্রিঃ তারিখ হতে দপ্তরের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকা সংক্রান্ত অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৪-৩১৮ তারিখঃ ৩০/০৭/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করা হয় এবং ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়। পত্রটি তার স্থায়ী ঠিকানায় অর্থাৎ জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, পিতা- জনাব ডি.এম. সামসুদ্দিন, হাউজ নং-৫/৬, লেন-২, ব্লক-এ, ওয়ার্ড-৮, রোড-৮, বাউনিয়া বাজার, তুরাগ, উত্তরা, ঢাকা-১২৩০ ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয়। কিন্তু, পত্রখানা "প্রাপক খুঁজিয়া না পেয়ে ফেরত" মন্তব্য সহকারে অত্র দপ্তরে ফেরত এসেছে।

২। অতঃপর জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, জুনিয়র অডিটর, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৪-৩৫৮ তারিখ: ০৩/০৯/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, জুনিয়র অডিটর এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৪-৬৭ তারিখ: ০৯/০৪/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না-এই মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করতঃ ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নিমিত্তে উক্ত পত্রখানা তার কর্মস্থলের ঠিকানা অর্থাৎ অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, পিতা- জনাব ডি.এম. সামসুদ্দিন, হাউজ নং-৫/৬, লেন-২, ব্লক-এ, ওয়ার্ড-৮, রোড-৮, বাউনিয়া বাজার, তুরাগ, উত্তরা, ঢাকা-১২৩০ ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয় এবং একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। সেই সাথে উক্ত নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয়। ইতোমধ্যে উক্ত ৭(সাত) কার্যদিবস অতিবাহিত হলেও তিনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৪। জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, জুনিয়র অডিটর, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা তার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় এবং চাকরি হতে বরখাস্ত দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানোর জবাব দাখিল হতে বিরত থাকায় তার বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে। এক্ষণে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৭(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২০/১০/২০২২ খ্রি: তারিখ হতে তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, জুনিয়র অডিটর, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৭(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২০/১০/২০২২ খ্রিঃ তারিখ হতে তাকে বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৭/০৫/২০২৫

(শেখ মাসুদুল হক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

E:\Quddus\OO.Dismiss.docx30

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৪-৯৫(৬) তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ মে ২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। পরিচালক, কর্মচারী পরিদপ্তর/অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।

৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

৬। (ক) জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, জুনিয়র অডিটর, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

(খ) জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, পিতা- জনাব ডি.এম. সামসুদ্দিন, হাউজ নং-৫/৬, লেন-২, ব্লক-এ, ওয়ার্ড-৮, রোড-৮, বাউনিয়া বাজার, তুরাগ, উত্তরা, ঢাকা-১২৩০।

১৭/০৫/২০২৫

(শেখ মোঃ আবদুল খালেদ)
উপপরিচালক
পরিচিতি নং-৭১১২১৬০০১

ডায়েরী নং ৮০৬ তারিখঃ ১৮/০৫/২৫
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১৮/০৫/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।